



Beats of My Heart

## ২০% লভ্যাংশ দেবে লাভেলো আইসক্রিম

শেয়ার বাজারে তালিকাভুক্ত খাদ্য ও আনুসঙ্গিক খাতের কোম্পানি তাওফিকা ফুড্‌স এন্ড লাভেলো আইসক্রিম পিএলসির পরিচালনা পর্ষদ ৩০ জুন ২০২৪ সমাপ্ত অর্থবছরের আর্থিক প্রতিবেদন পর্যালোচনা করে শেয়ারহোল্ডারদের জন্য ১০ শতাংশ নগদ ও ১০ শতাংশ স্টক লভ্যাংশ প্রদানের সুপারিশ করেছে। ২০২১ সাল থেকে টানা ৪ বছর ১০ শতাংশ এর উপরে নগদ লভ্যাংশ ঘোষণা করেছে কোম্পানিটি।

নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন অনুসারে, ২০২৪ হিসাব বছরে কোম্পানিটির শেয়ার প্রতি আয় (ইপিএস) হয়েছে ১.৪৩ টাকা, আগের হিসাব বছরে ইপিএস হয়েছিল ১.২৪ টাকা। ৩০ জুন, ২০২৪ তারিখে কোম্পানিটির শেয়ার প্রতি নিট সম্পদ মূল্য দাঁড়িয়েছে ১৩ টাকা ৩৭ পয়সা, আগের হিসাব বছরে শেয়ার প্রতি নিট সম্পদ মূল্য হয়েছিল ১২ টাকা ৯৪ পয়সা। কর পরবর্তি মুনাফা বেড়েছে ১৬% আগের বছরের তুলনায়।

ঘোষিত লভ্যাংশ ও অন্যান্য এজেন্ডায় শেয়ারহোল্ডারদের অনুমোদন নিতে আগামী ৩০ ডিসেম্বর, ২০২৪ সকাল ১১.৩০ মিনিটে হাইব্রিড প্লাটফর্মে কোম্পানিটির বার্ষিক সাধারণ সভা (এজিএম) অনুষ্ঠিত হবে। এ সংক্রান্ত রেকর্ড ডেট নির্ধারণ করা হয়েছে ১০ নভেম্বর, ২০২৪।

২০২১ সালে পুঁজি বাজারে তালিকাভুক্ত হওয়া লাভেলো আইসক্রিম পিএলসির অনুমোদিত মূলধন ১০০ কোটি টাকা। পরিশোধিত মূলধন ৮৫ কোটি টাকা। রিজার্ভে রয়েছে ২৮.৬৪ কোটি টাকা। মোট শেয়ার সংখ্যা ৮ কোটি ৫০ লাখ। এর মধ্যে ৪১ দশমিক ১২ শতাংশ রয়েছে উদ্যোক্তা পরিচালকদের হাতে।

বাজারের চাহিদা বৃদ্ধি পূরণের জন্য ইতিমধ্যে উৎপাদনের ২য় ইউনিট স্থাপনের ঘোষণা দিয়েছে কোম্পানিটি, যার আনুমানিক বিনিয়োগ ১৫০ কোটি টাকা। ২য় ইউনিটের উৎপাদিত পণ্য আগামী জুনে বাজারে আসবে বলে ধারণা করা হচ্ছে। এর মাধ্যমে উৎপাদন দ্বিগুন হবে এবং লাভেলোর মার্কেট শেয়ার উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাবে বলে জানা গেছে।